# এনফোর্সমেন্ট বুলেটিন

(সেপ্টেম্বর, ২০২৫)



## পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**
**ড. মোঃ কামরুজ্জামান**, *এনডিসি*
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**
**ড. মুঃ সোহরাব আলী**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**
**সৈয়দ ফরহাদ হোসেন**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**
**সৈয়দ আহম্মদ কবীর**

**উপপরিচালক**
**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
অক্টোবর ২০২৫

**প্রকাশক**
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর



**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় সেপ্টেম্বর/২০২৫ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সেপ্টেম্বর/২০২৫ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ২৬৬টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৬১২ টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৫০,১২,৬৫০/- (পঞ্চাশ লক্ষ বারো হাজার ছয়শত পঞ্চাশ) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ৩৬১৯৮.৬ কেজি পলিথিন ও ৪৩৫ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ২৫৫ টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ২,০৯,২১,৫০৪/- (দুই কোটি নয় লক্ষ একুশ হাজার পাঁচশত চার) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ১১ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

সৈয়দ ফরহাদ হোসেন

# সূচিপত্র

| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় সেপ্টেম্বর ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক সেপ্টেম্বর ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | সেপ্টেম্বর ২০২৫ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৫ |
| ৪ | সেপ্টেম্বর ২০২৫ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় সেপ্টেম্বর ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম ঃ



*চিত্র ঃ এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ*



*ছবি ঃ এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি*

সেপ্টেম্বর ২০২৫ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ২৫৫ (দুইশত পঞ্চান্ন) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ২,০৯,২১,৫০৪/- (দুই কোটি নয় লক্ষ একুশ হাজার পাঁচশত চার) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ২,২৮,০৭,৬৬৬/- (দুই কোটি আঠাশ লক্ষ সাত হাজার ছয়মত ছেষট্টি) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:**
মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোনো ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমাণ নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্হা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থ্যা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:**
মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোনো ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

## মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক সেপ্টেম্বর ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম ঃ









*চিত্র: সেপ্টেম্বর/২০২৫ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ*

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড।

**০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে নরসিংদী ও ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ ও সোয়ারীঘাট এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৮ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নরসিংদী ও রংপুর জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যেমে ৯,০০০/- (নয় হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের আফতাবনগর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যেমে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের টিকাটুলি এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১১,৫০০/- (এগার হাজার পাঁচশত টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। সিরাজগঞ্জ জেলায় পরিবেশগত ছাড়পত্র ও ইটিপিবিহীন অবৈধ কারখানার বিরুদ্ধে ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে অবৈধভাবে পরিচালিত ০৩টি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাগুলোর কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়।





**০২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে টাংগাইল, নাটোর, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের চকবাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ২,৮৫,০০০/- (দুই লক্ষ পঁচাশি হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪৪৪০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বান্দরবান জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের নিকুঞ্জ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় ।





**০৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে সিরাজগঞ্জ ও ঢাকা মহানগরের চকবাজার, সেগুনবাগিচা, কাওরানবাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৬,০০০/- (ছয় হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৯১৩ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয় এবং কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের খিলক্ষেত এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি পরিবহনের চালককে সতর্ক করা হয় । টায়ার পাইরোলাইসিস কারখানা দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা জেলার সাভার এলাকায় ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে অবৈধভাবে পরিচালিত ০৪টি পাইরোলাইসিস কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাগুলোর কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয় এবং বৈদ্যুতিক মিটার খুলে ফেলা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে নওগাঁ ও নীলফামারী জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ২,৮০০/- (দুই হাজার আটশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৬ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয় এবং ঢাকা মহানগরের কাওরানবাজার এলাকায় কয়েকটি পরিবেশ বান্ধব পাটের ব্যাগ বিক্রয়ের স্টল পরিদর্শন করা হয়। এসময় সাধারণ জনগনকে পলিথিন শপিং ব্যাগের পরিবর্তে পরিবেশ বান্ধব পাটের ব্যাগ ব্যবহারে উদ্বুদ্ধ করা হয়।কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কাকরাইল এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫ টি মামলার মাধ্যমে ১৭,০০০/- (সতের হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক জামালপুর, মানিকগঞ্জ, ঠাকুরগাঁও এবং পিরোজপুর জেলায় ০৪টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৩ টি মামলার মাধ্যমে ১৫,৮০০/-(পনের হাজার আটশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের বসিলা এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২টি মামলার মাধ্যেমে ১৩,০০০/- (তের হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়





**০৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে নওগাঁ ও ঢাকা মহানগরের চকবাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ৮,০০,৮০০/- (আট লক্ষ আটশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩০১১ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। এসময় চকবাজার এলাকার সাধারণ জনগনকে পলিথিন শপিং ব্যাগের পরিবর্তে পরিবেশ বান্ধব পাটের ব্যাগ ব্যবহারে উদ্বুদ্ধ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কাকরাইল এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি মামলার মাধ্যমে ২০,৩০০/- (বিশ হাজার তিনশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ, বগুড়া, কিশোরগঞ্জ ও ঢাকা জেলার আমিনবাজার এলাকায় ০৪টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৮ টি মামলার মাধ্যমে ৪৪,৫০০/-(চুয়াল্লিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৭ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ০২ টি অবৈধ ভাটা হতে ৩০,০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য




**০৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫ টি মামলার মাধ্যমে ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নারায়ণগঞ্জ জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৭ টি মামলার মাধ্যমে ৬,৫০০/-(ছয় হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় ।




**০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৮ টি মামলার মাধ্যমে ১৮০০০/- (আঠারো হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ (এক) টি গাড়ি ডাম্পিং করা হয়। শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নেত্রকোণা, চুয়াডাঙ্গা এবং জামালপুর জেলায় ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৮ টি মামলার মাধ্যমে ৭৮০০/-(সাত হাজার আটশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । এবং ০৮ (আট) টি হর্ণ জব্দ করা হয়।




**১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৬০০০/- (ষোল হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং রাজবাড়ী, মুন্সীগঞ্জ, পিরোজপুর ও ঢাকা মহানগরের চকবাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৪,৫০০/- (চার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২৬ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁপাইনবাবগঞ্জ, নীলফামারী ও পঞ্চগড় জেলায় ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ৩,৩০০/-(তিন হাজার তিনশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। । নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে খুলনা ও পঞ্চগড় জেলায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২টি মামলার মাধ্যেমে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস” অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।





**১১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে ফেনী, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ৬৫,০০০/- (পয়ষট্টি হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩১৯ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ ও ঢাকা মহানগরের মতিঝিল টু গুলিস্তান রোড এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ১৫০০০/- (পনের হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবংশব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নড়াইল, বান্দরবান, শরীয়তপুর, মানিকগঞ্জ ও চট্টগ্রাম জেলায় ০৫টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৯ টি মামলার মাধ্যমে ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।





**১৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে ময়মনসিংহ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫৪৪৬ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের টিকাটুলি এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ২০০০/- (দুই হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ ও ঢাকা মহানগরের গুলশান-২ এলাকায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৫,০০০/-(পনের হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।





**১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে নওগাঁ ও ঢাকা মহানগরের চকবাজার, ইমামগঞ্জ, ছোট কাটরাঘাট, চম্পতলীঘাট, সোয়ারিঘাট এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৩০০/- (তিনশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। এছাড়া চকবাজার, ইমামগঞ্জ, ছোট কাটরাঘাট, চম্পতলীঘাট, সোয়ারিঘাট এলাকার সাধারণ জনগনকে পলিথিন শপিং ব্যাগের পরিবর্তে পরিবেশ বান্ধব পাটের ব্যাগ ব্যবহারে উদ্বুদ্ধ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের ইডেন কলেজ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৩,০০০/- (তের হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নাটোর ও যশোর জেলায়

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ১৩,০০০/-(তের হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরন) বিধিমালা ২০০৮ অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক খুলনা জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ২০,০০০/-(বিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং প্রতিষ্ঠানগুলোকে চিকিৎসা বর্জ্য সঠিকভাবে ব্যবস্থাপনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। নারায়ণগঞ্জ ও নরসিংদী জেলায় ০২টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে, নারায়ণগঞ্জ জেলায় অবৈধভাবে পরিচালিত ০৫ টি প্রতিষ্ঠানের সেবা সংযোগ বিচ্ছিন্ন করে বৈদ্যুতিক মিটার খুলে নিয়ে আসা হয় এবং কারখানাগুলোর উৎপাদন কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয় এবং নরসিংদী জেলায় ০১ টি পুরাতন ব্যাটারি হতে সীসা প্রস্তুত কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাটি সম্পূর্ণরুপে উচ্ছেদ করা হয় এবং এসময় ০২ ট্রাক সীসা ও সীসা প্রস্তুতের যন্ত্রপাতি জব্দ করা হয়।





**১৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে ঢাকা মহানগরের চকবাজার, ইমামগঞ্জ, ছোট কাটরাঘাট, সোয়ারিঘাট এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে চকবাজার, ইমামগঞ্জ, ছোট কাটরাঘাট, সোয়ারিঘাট এলাকার সাধারণ জনগনকে পলিথিন শপিং ব্যাগের পরিবর্তে পরিবেশ বান্ধব পাটের ব্যাগ ব্যবহারে উদ্বুদ্ধ করা হয়। শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁদপুর, নীলফামারী, জামালপুর, ফেনী, মাদারীপুর, ঢাকা ও ঢাকা মহানগরের মতিঝিল এলাকায় ০৭টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৫ টি মামলার মাধ্যমে ২৯,০০০/-(উনত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা জেলার আমিন বাজার এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩টি মামলার মাধ্যেমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**১৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে বগুড়া, শরীয়তপুর ও ঢাকা মহানগরের চকবাজার, ইমামগঞ্জ, ছোট কাটরাঘাট, সোয়ারিঘাট এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৫২৮ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নোয়াখালী, রাজবাড়ী ও সিরাজগঞ্জ জেলায় ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ৫,৫০০/-(পাঁচ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ ও ঢাকা মহানগরের গুলশান এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ২৫,৫০০/- (পঁচিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের হাতিরপুল ও ধানমন্ডি এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২টি মামলার মাধ্যেমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন-২০১০ অনুসারে বালু উত্তোলনের মাধ্যমে পরিবেশ দূষণের দায়ে পরিবেশ অধিদপ্তর কর্তৃক শরীয়তপুর জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নারায়ণগঞ্জ জেলায় ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে, নারায়ণগঞ্জ জেলায় অবৈধভাবে পরিচালিত ০১ টি প্রতিষ্ঠানের সেবা সংযোগ বিচ্ছিন্ন করে বৈদ্যুতিক মিটার খুলে নিয়ে আসা হয় এবং কারখানাটির উৎপাদন কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা নূন্যতম ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।






**১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে ভোলা ও নড়াইল জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৫০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাগেরহাট ও নারায়ণগঞ্জ জেলায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১১,০০০/-(এগার হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৮ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের পল্টন এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১১,০০০/-(এগার হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে মুন্সীগঞ্জ জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যেমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা-২০২১ ও বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুসারে শিল্পকারখানা দ্বারা পরিবেশ দূষণের দায়ে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নারায়ণগঞ্জ জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ২০০,০০০/-(দুই লক্ষ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**২১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে ভোলা ও নড়াইল জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৫৪৪ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চুয়াডাঙ্গা ও রাজবাড়ী জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ৬৫০০/-(ছয় হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রি:** তারিখে নেত্রকোণা ও ঢাকা মহানগরের চকবাজার, ইমামগঞ্জ, ছোট কাটরাঘাট, সোয়ারিঘাট এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৬ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের টিকাটুলি ও শিশুমেলা শ্যামলী এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি মামলার মাধ্যমে ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুড়িগ্রাম, যশোর, নারায়ণগঞ্জ, ঢাকা জেলার আমিনবাজার ও ঢাকা মহানগরের টিকাটুলি এলাকায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২০ টি মামলার মাধ্যমে ২৮,১০০/-(আঠাশ হাজার একশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৭ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার ফ্যাশন লন্ড্রী কে ৩৫ হাজার টাকা; লুমিনাস মাল্টিরি এন্টারপ্রাইস লিমিটেড কে ৩০ হাজার টাকা; নাটেক্স এন্ড ট্রিমস কে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ; নারায়ণগঞ্জ জেলার মেডি হোম ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; নরসিংদী জেলার দি ডক্টরস হসপিটাল কে ৫০ হাজার টাকা; সেবা ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; ঢাকা জেলার জাইমস কোয়ার্টজ স্টোন লিঃ কে ৫০ হাজার টাকা; মেসার্স সেন্ট্রাল এজে এগ্রোভেট কে ১৫ হাজার টাকা; ব্যাবিলন এগ্রিসাইন্স লিঃ কে ৭৫ হাজার টাকা;নেত্রকোণা জেলার মেসার্স সুমন স মিল কে ১০ হাজার টাকা এবং কিশোরগঞ্জ জেলার প্রাইম ম্যানুফ্যাকচারিং এন্ড এলাইড ইন্ডাস্ট্রিজ কে ২০  হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।






**২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রি:** ফরিদপুর জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৯ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, ঝিনাইদহ, ভোলা, নাটোর, নড়াইল ও ঢাকা মহানগরের যাত্রাবাড়ী এলাকায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৬ টি মামলার মাধ্যমে ২২,৫০০/-(বাইশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। ঢাকা মহানগরের যাত্রাবাড়ী এলাকায় ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে, যাত্রাবাড়ী এলাকায় অবৈধভাবে পরিচালিত ০১ টি প্রতিষ্ঠানের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে বৈদ্যুতিক মিটার খুলে নিয়ে আসা হয় এবং কারখানাটির উৎপাদন কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে কুড়িগ্রাম জেলার কচাকাটা মডার্ণ ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; রৌমারী জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; শেরপুর জেলার মেসার্স লিজা স মিল কে ১৫ হাজার টাকা; মেসার্স ফিরোজা স মিল কে ১৫ হাজার টাকা; টাংগাইল জেলার আলাউদ্দিন টেক্সটাইল মিলস প্রাঃ লিঃ কে ৭ লক্ষ ০৮ হাজার ৪৮০ টাকা; দিনাজপুর জেলার মেসার্স আলহাজ্ব মজিবর রহমান অটো রাইস মিলস লিঃ কে ৩ লক্ষ টাকা; মেসার্স সিয়াম অটো রাইস মিলস লিঃ কে ২৫ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার মেসার্স বাংলাদেশ টিম্বার এন্ড স মিল কে ১০ হাজার টাকা; সিরাজগঞ্জ জেলার কেয়ার হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৪০ হাজার টাকা; ঢাকা জেলার ঢাকা হোমিও ল্যাবরেটরি কে ৩০ হাজার টাকা; চায়না জিনজু ব্যাটারি (বিডি) লিঃ কে ১ লক্ষ ২৬ হাজার টাকা এবং গাজীপুর জেলার গ্রীনল্যান্ড গার্মেন্টস লিঃ কে ৭১ হাজার ৭৫০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অন্যূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে সিলেট ও নেত্রকোণা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৯৪ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শেরেবাংলা নগর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৬,০০০/- (ছয় হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, ঝিনাইদহ, বগুড়া, রংপুর, শেরপুর ও সিরাজগঞ্জ এলাকায় ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৪ টি মামলার মাধ্যমে ৩৪,০০০/-(চৌত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে কুড়িগ্রাম জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩টি মামলার মাধ্যেমে ১,৪০০/- (এক হাজার চারশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং টাংগাইল ও ফরিদপুর জেলায় পরিবেশগত ছাড়পত্রবিহীন অবৈধভাবে পরিচালিত ও ঝুকিপূর্ণ বর্জ্য নির্গমনের অপরাধে ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২টি মামলার মাধ্যেমে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় ।চাঁদপুর জেলায় জলাধার ভরাট অপরাধে ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যেমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং জলাধারটি পুনঃখনন করে পূর্বের অবস্থায় ফিরিয়ে দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে খুলনা জেলার সোয়াদ অয়েল মিল কে ৩০ হাজার টাকা; ঢাকা জেলার বিভাটেক লিমিটেড কে ৫০ হাজার টাকা; দি ডায়াগনোসিস এন্ড প্যাথলজি সেন্টার (ব্লাড ব্যাংক) কে ২০ হাজার; টাকা; হাসিব ফুড ইন্ডাস্ট্রিজ লিমিটেড কে পরিবেশগত ছাড়পত্র গ্রহনের নির্দেশ; কুড়িগ্রাম জেলার আনোয়ার ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; গাইবান্ধা জেলার মেসার্স ইসলাম ফার্ণিচার কে ২০ হাজার টাকা; মেসার্স রোহান ট্রেডার্স কে ২৫ হাজার টাকা; আলিফ ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার টাকা; চাঁপাইনবাবগঞ্জ জেলার ডেল্টা মেডিকেল সেন্টার কে ১৫ হাজার টাকা; মডার্ণ হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; ডক্টরস ক্লিনিক হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; সিরাজগঞ্জ জেলার হানিফ ফুড ভিলেজ কে ৩ লক্ষ টাকা; ডায়াবেটিক ফুড কেয়ার এন্ড পিআরপি সেন্টার কে ৩৫ হাজার টাকা; ন্যাশনাল ফুড ভিলেজ কে ৩ লক্ষ টাকা; গাজীপুর জেলার এসেনসিয়াল ক্লথিং লিমিটেড কে পরিবেশগত ছাড়পত্র গ্রহনের নির্দেশ; সানগড় টেক্স লিমিটেড কে ৫০ হাজার টাকা; ইন্ট্রিগা ড্রেসেস লিঃ কে পরিবেশগত ছাড়পত্র গ্রহনের নির্দেশ; নওগাঁ জেলার মেসার্স অতিথী ফিলিং স্টেশন কে ৫০ হাজার টাকা এবং মেসার্স দেওয়ান ফিলিং স্টেশন কে ৫০ হাজার  টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।






**২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে বগুড়া ও চুয়াডাঙ্গা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ১২,০০০/- (বারো হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৭৬৫ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১২,০০০/- (বারো হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ৪,০০০/-(চার হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৮ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে চুয়াডাঙ্গা জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যেমে ১,০০০/- (এক হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং চট্টগ্রাম মহানগর এলাকায় ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে, পরিবেশগত ছাড়পত্র বিহীন অবৈধভাবে পরিচালিত ০৮ টি প্রতিষ্ঠানের সেবা সংযোগ বিচ্ছিন্ন করে প্রতিষ্ঠানগুলোর উৎপাদন কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়।





শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬ এর বিধি ৮(২), ১৮(২) অনুযায়ী নীরব এলাকায় হর্ণ বাজানোর অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**২৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে নীলফামারী জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৯ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কল্যাণপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে রংপুর, সিরাজগঞ্জ, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের কল্যাণপুর এলাকায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যমে ১৫,৩০০/-(পনেরো হাজার তিনশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে মানিকগঞ্জ জেলার ডেরা রিসোর্ট এন্ড স্পা কে ০১ লক্ষ টাকা; টাংগাইল জেলার হেলথকেয়ার ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; নীলফামারী জেলার নাগরিক হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে  ৩০ হাজার; টাকা; নরসিংদী জেলার লাইফ কেয়ার হাসপাতাল কে ৩৫ হাজার টাকা; নুরজাহান প্রাইভেট হাসপাতাল কে ৫০ হাজার টাকা; গোপালগঞ্জ জেলার মেসার্স লোকনাথ ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরী কে ২০ হাজার টাকা; ঠাকুরগাঁও জেলার নিরাপদ হাসপাতাল কে ৪০ হাজার টাকা; নিরাপদ ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; দি আপডেট ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; রংপুর জেলার মেসার্স হক ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; ঢাকা জেলার এইচআরএস ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক লিঃ কে কার্যক্রম বন্ধের নির্দেশ এবং ইবনে সিনা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ৩০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।





**২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে রাজবাড়ী ও সুনামগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৭,০০০/- (সাত হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬৮ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কল্যাণপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কল্যাণপুর ও মিরপুর এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৭ টি মামলার মাধ্যমে ২৪,০০০/-(চব্বিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।





**৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ৫৩,০০০/- (তিপ্পান্ন হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০৭৪ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মিরপুর বাংলা কলেজ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১১,০০০/- (এগারো হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং শব্দদূষণ বিরোধী অভিযানে ঢাকা মহানগরের খিলক্ষেত, বনানী ও মিরপুর এলাকা এবং নারায়ণগঞ্জ ও রাজবাড়ী জেলায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৯ টি মামলার মাধ্যমে ৪১,০০০/-(একচল্লিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে টাংগাইল জেলার আলোক হেলথ কেয়ার লিমিটেড কে ১৫ হাজার টাকা; মাগুরা জেলার মাগুরা পপুলার ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; রাজশাহী জেলার রাজশাহী রয়েল হাসপাতাল প্রাঃ লিঃ কে ৫০ হাজার টাকা এবং খুলনা জেলার বয়রা নার্সিং হোম কে ৩০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।






ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

দৈনিক আলোকিত সকাল

প্রচ্ছদ স্বদেশ / নারায়ণগঞ্জে দূষণকারী কারখানার বিদ্যুৎ...

## নারায়ণগঞ্জে দূষণকারী কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন

প্রকাশিত: বুধবার ১৭ সেপ্টেম্বর ২০২৫ | অনলাইন সংস্করণ

Share 12



নারায়ণগঞ্জে পরিবেশ অধিদপ্তরের অভিযানে একটি অবৈধ কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে।

বুধবার (১৭ সেপ্টেম্বর) পরিবেশ অধিদপ্তরের মনিটরিং অ্যান্ড এনফোর্সমেন্ট উইংয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সিনিয়র সহকারী সচিব ফাতেমাতুজ্জোহরা আক্তারের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে অংশ নেয় জেলা পুলিশ, ডিপিডিসি ফতুল্লা এবং পরিবেশ অধিদপ্তর নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের কর্মকর্তারা।

শিরোনাম

দৈনিক আলোকিত সকাল

প্রচ্ছদ স্বদেশ / নারায়ণগঞ্জে শব্দদূষণকারী ৫ যানবাহনে ...

## নারায়ণগঞ্জে শব্দদূষণকারী ৫ যানবাহনে জরিমানা

প্রকাশিত: সোমবার ২২ সেপ্টেম্বর ২০২৫ | অনলাইন সংস্করণ

Share 0



নারায়ণগঞ্জ সদর উপজেলায় শব্দদূষণ রোধে পরিচালিত অভিযানে ৫টি যানবাহনকে ৪ হাজার টাকা জরিমানা ও ৫টি হর্ন জব্দ করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার (২২ সেপ্টেম্বর) জেলা প্রশাসকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট উম্মে হাবিবা ফারজানা ও সেঁজুফতা মেহনাজের নেতৃত্বে এ অভিযান

শিরোনাম

ই-পেপার দৈনিক করতোয়া

## বগুড়ার মোকামতলা থেকে সাড়ে ৭শ' কেজি পলিথিন জব্দ

স্টাফ রিপোর্টার: গতকাল বুধবার বগুড়ার শিবগঞ্জ উপজেলার মোকামতলা পুলিশ তদন্ত কেন্দ্রে পুলিশ তদন্ত কেন্দ্রের সামনে অভিযান পরিচালনা করে একটি নাইটকোচ থেকে অনুমোদিত ৭৫০ কেজি নিষিদ্ধ পোলিথিন শপিং জব্দ করা হয়েছে। পরিবেশ অধিদপ্তর, বগুড়া জেলা কার্যালয় এবং বগুড়া জেলা প্রশাসন যৌথভাবে অভিযান পরিচালনা করে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন,১৯৯৫ (সংশোধিত ২০১০) এর ধারা [illegible] অনুযায়ী ৭৫০ কেজি পরিমাণ নিষিদ্ধ পোলিথিন শপিং জব্দ করা হয় এবং ১০ হাজার টাকা জরিমানা ধার্য করে তা আদায় করা হয়। বগুড়া জেলা প্রশাসন এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট [illegible] এর নেতৃত্বে অভিযান চলাকালে পরিবেশ অধিদপ্তর, বগুড়া জেলা কার্যালয়ের পরিদর্শক [illegible] প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন। মোকামতলা পুলিশ তদন্ত কেন্দ্রের পুলিশ অভিযান পরিচালনায় সহযোগিতা প্রদান করেন।

Share Copy Link


দৈনিক উজ্জীবিত বাংলাদেশ

বৃহস্পতিবার। ঢাকা ১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ ০৩ আশ্বিন ১৪৩২ বাংলা ২৪ রবিউল আউয়াল ১৪৪৭ হিজরি



## ফতুল্লায় দূষণকারী প্রতিষ্ঠানের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন

অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে



দৈনিক আলোকিত সকাল

প্রচ্ছদ স্বদেশ দিগুবাবুর বাজারে অভিযান: ৮০৪ কেজি ...

দিগুবাবুর বাজারে অভিযান: ৮০৪ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ, ৩৮ হাজার টাকা জরিমানা

প্রকাশিত: মঙ্গলবার ০২ সেপ্টেম্বর ২০২৫ | অনলাইন সংস্করণ

নারায়ণগঞ্জের সদর উপজেলার দিগুবাবুর বাজারে মঙ্গলবার (২ সেপ্টেম্বর) দুপুরে পরিবেশ অধিদপ্তরের ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ৫টি প্রতিষ্ঠান থেকে ৮০৪ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ জব্দ এবং ৩৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

জেলা প্রশাসকের কার্যালয়ের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার সাদমা রাইয়ান এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী

শিরোনাম



Deshkal tv

সারাদেশ

নওগাঁয় অবৈধ পলিথিন বিরোধী অভিযানে মোবাইল কোর্ট

কামরুল হাসান জীবন, নওগাঁ :

সেপ্টেম্বর ৫, ২০২৫ ০০:০৫

পরিবেশ রক্ষায় নওগাঁ জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তরের যৌথ উদ্যোগে অবৈধ পলিথিন ব্যবহার রোধে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর ২০২৫) সকাল থেকে নওগাঁ সদর উপজেলার হাপানিয়া বাজার এলাকায় এই অভিযান পরিচালনা করেন জেলা প্রশাসনের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব শাকিল আহমেদ।

অভিযানে দুইটি মুদি দোকান থেকে মোট ১১ কেজি



প্রতিদিনের সংবাদ

মঙ্গলবার, ২৫ নভেম্বর ২০২৫, ১০ অগ্রহায়ণ ১৪৩২

প্রচ্ছদ | আজকের পত্রিকা | ই-পেপার | জাতীয় | দেশ | রাজ

পঞ্চগড়ে মোবাইল কোর্ট পরিচালনা

বায়ু ও শব্দ দূষণ নিয়ন্ত্রণে জরিমানা আদায়

পঞ্চগড় প্রতিনিধি ০৯ সেপ্টেম্বর, ২০২৫

পঞ্চগড়ে বায়ু ও শব্দ দূষণ নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা করে জরিমানা আদায় ও ৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়েছে।

মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) বিকালে পঞ্চগড় জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর এর যৌথ উদ্যোগে পঞ্চগড় জেলার সদর উপজেলার পঞ্চগড়-তেঁতুলিয়া রোডস্থ সদর ইউনিয়ন



BSS NEWS

Tuesday | 25 November, 2025 Archive বাংলা

News Flash final approval Govt finalizes S

District

Mobile court cracks down on noise pollution in Thakurgaon

BSS

04 Sep 2025, 16:11

A mobile court carried out an anti-noise campaign in Thakurgaon today. Photo : BSS

THAKURGAON, Sept 4, 2025 (BSS) - A mobile court carried out an anti-noise campaign in Thakurgaon today, fining violators and seizing hydraulic horns used in vehicles.

অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে


সময়ের নারায়ণগঞ্জ

মঙ্গলবার

মূল্য ৫ টাকা

## ৭ যানবাহনকে অর্থদণ্ড, হর্ন জব্দ


সময়ের নারায়ণগঞ্জ

সোমবার

## নিষিদ্ধ পলিথিন ব্যাগ জব্দ, তিন প্রতিষ্ঠানকে জরিমানা


নিরপেক্ষ

প্রিন্ট এর তারিখঃ সেপ্টেম্বর ১৭, ২০২৫, ১০:৪১ পি.এম || প্রকাশের তারিখঃ সেপ্টেম্বর ১৭, ২০২৫, ৪:৪১ পি.এম

## ভোলা'র লালমোহনে ৬ মন নিষিদ্ধ পলিথিন শপিং ব্যাগ জব্দসহ ব্যাবসায়ীকে অর্থদন্ড

এ.সি.ডি.অর্জুন

ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লালমোহন বাজারে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রেতাদের বিরুদ্ধে মোবাইল কোর্ট বা ভ্রাম্যমান আদালত পরিচালনা করে উপজেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর।
বুধবার(১৭ সেপ্টেম্বর'২৫)পরিচালিত মোবাইল কোর্টে নেতৃত্ব প্রদান করেন লালমোহন উপজেলার নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ শাহ আজিজ।

পরিবেশ অধিদপ্তর,ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ তোতা মিয়ার প্রসিকিউশনে পরিচালিত মোবাইল কোর্ট বাজারে অবস্থিত মেসার্স মামুন স্টোরের মালিক মোঃ মামুন(৪০)কে নিষিদ্ধ পলিথিন শপিং ব্যাগ বিক্রি ও মজুদের অপরাধে নগদ ২০ হাজার টাকা অর্থদন্ড প্রদান পূর্বক তার দোকানে মজুদ থাকা আনু ১৫০ কেজি পলিথিন জব্দ করেন।

অভিযানের সময় তোতা মিয়া বলেন,"পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সারাদেশের মতো ভোলা জেলার সর্বত্র এরূপ অভিযান অব্যাহত থাকবে"।
এ সময় বাজারের বিভিন্ন ব্যবসায়ীদের মাঝে পরিবেশ সচেতনতামূলক লিফলেট বিতরণ করে পরিবেশ অধিদপ্তর,ভোলা জেলা কার্যালয়।

বিকাল সাড়ে ৪টায় চলা মোবাইল কোর্টকে আইন শৃঙ্খলা রক্ষার কাজে সার্বিক সহযোগিতা করেন লালমোহন থানা পুলিশ সদস্যের একটি দল।

সম্পাদক ও প্রকাশকঃ এ.সি.ডি অর্জুন
সর্বস্বত্ব সংরক্ষিত © দৈনিক নিরপেক্ষ

অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনু”ছেদ মোতাবেক “রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ
নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য,
জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে”



**পরিবেশ অধিদপ্তর**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়